

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩৩৮. বিষাক্ত, নাপাক, হারাম কিংবা ঘৃণ্য কোন বস্ত্তকে ওষুধ হিসেবে সেবন করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الدَّوَاءِ الْخَبِيثِ يَعْنِيْ السُّمَّ

''রাসূল (সা.) নাপাক ও ঘৃণ্য তথা বিষাক্ত ওষুধ সেবন করতে নিষেধ করেছেন''।[1]

ও'য়াইল্ বিন্ 'হুজ্র (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: একদা ত্বারিক বিন্ সুওয়াইদ্ (রা.) নবী (সা.) কে মদ সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি তাঁকে তা সেবন করতে নিষেধ করেন। এরপর আবারো তিনি এ সম্পর্কে নবী (সা.) কে জিজ্ঞাসা করলে তিনি তাঁকে আবারো তা সেবন করতে নিষেধ করেন। অতঃপর তিনি বললেন: হে আল্লাহ্'র নবী! এটা তো ওষুধ। তখন নবী (সা.) তাঁকে উদ্দেশ্য করে বললেনঃ

لاً ، وَلَكنَّهَا دَاءٌ

"না, তা ওষুধ নয়। বরং তা রোগই বটে"।[2]

উম্মু সালামাহ্ (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

إِنَّ اللهَ لَمْ يَجْعَلْ شِفَاءَكُمْ فِيْمَا حَرَّمَ عَلَيْكُمْ

''আল্লাহ্ তা'আলা হারাম বস্তুর মধ্যে তোমাদের জন্য কোন চিকিৎসা রাখেননি''।[3]

>

## ফুটনোট

- [1] (আবু দাউদ, হাদীস ৩৮৭০ ইবনু মাজাহ, হাদীস ৩৫২৩)
- [2] (আবু দাউদ, হাদীস ৩৮৭৩)
- [3] (বাইহাকী, হাদীস ১৯৪৬৩ ইবনু হিববান খন্ড ৪ হাদীস ১৩৯১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11591

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন